

ত্রিপুরা সরকার  
তথ্য ও সংস্কৃতি অধিকার

\*\*\*\*\*

স-২৮৩

তেলিয়ামুড়া, ২২ মে, ২০২৪

### তেলিয়ামুড়ায় আন্তর্জাতিক জৈব বৈচিত্র্য দিবস

ত্রিপুরা বায়োডাইভার্সিটি বোর্ডের উদ্যোগে আজ তেলিয়ামুড়ার কবি নজরুল দ্বাদশ শ্রেণী বিদ্যালয়ে আন্তর্জাতিক জৈব বৈচিত্র্য দিবস উদযাপন করা হয়। তেলিয়ামুড়ার নবচিন্তন ওয়েলফেয়ার সোসাইটির সহায়তায় এই অনুষ্ঠানের আয়োজন করা হয়। অনুষ্ঠানের উদ্বোধন করেন প্রাণীসম্পদ বিকাশ দপ্তরের চিকিৎসক অভিষেক পাল। উপস্থিত ছিলেন বিদ্যালয়ের অধ্যক্ষ বিশ্বরায় দেববর্মা, বিজ্ঞান শিক্ষক গৌতম সরকার, বিদ্যালয়ের প্রাথমিক বিভাগের প্রধান শিক্ষক রঞ্জিত চন্দ্র দাস প্রমুখ। অনুষ্ঠানে উপস্থিত অতিথিগণ জৈব বৈচিত্র্য রক্ষার উপর গুরুত্ব আরোপ করে বক্তব্য রাখেন। স্বাগত বক্তব্য রাখেন নবচিন্তন ওয়েলফেয়ার সোসাইটির সম্পাদক চিরঞ্জীব দেব। আন্তর্জাতিক জৈব বৈচিত্র্য দিবস উদযাপন উপলক্ষে সেমিনার ও বৃক্ষরোপণ কর্মসূচি পালন করা হয়। তাছাড়াও বিদ্যালয়ের ছাত্রছাত্রীদের মধ্যে কৃতিজ্ঞ প্রতিযোগিতা অনুষ্ঠিত হয়। অনুষ্ঠানে অতিথিগণ কৃতিজ্ঞ প্রতিযোগিতায় বিজয়ীদের হাতে পুরস্কার তুলে দেন।

\*\*\*\*\*